# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 08-03-2026** **Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ আজ রাতে কলকাতায় আসছেন।

সিনিয়ার উপ-নির্বাচন কমিশনারের নেতৃত্বে একটি দল আজ কলকাতায় এসে ইতমধ্যেই রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে বৈঠক করেছেন।

এবারে রাজ্যে মোট ৮০ হাজার ৭১৯-টি বুথে ভোট নেওয়া হবে।

২) আন্তর্জাতিক আদিবাসী ও সাঁওতাল সম্মেলনে রাষ্ট্রপতির প্রোটোকল ভঙ্গের অভিযোগের প্রেক্ষিতে মুখ্য সচিব, কেন্দ্রের কাছে বিস্তারিত রিপোর্ট পাঠিয়েছেন।

রাষ্ট্রপতির প্রোটোকল ভঙ্গের অভিযোগ নিয়ে কেন্দ্র ও রাজ্যের মধ্যে চাপানউতোর চলছে।

৩) নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে সারা দেশের সঙ্গে এরাজ্যেও আজ আন্তর্জাতিক নারী দিবস উদযাপিত হচ্ছে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, সমান সুযোগ এবং সহায়তা পেলে মেয়েরা প্রতিটি ক্ষেত্রেই শ্রেষ্ঠত্ব অর্জন করতে পারে।

৪) একাধিক কেন্দ্রীয় মন্ত্রীর উপস্থিতিতে রাজ্যের ৯-টি জায়গায় বিজেপি-র পরিবর্তন যাত্রা কর্মসূচীর আয়োজন করা হয়।

৫) বনগাঁ সীমান্ত দিয়ে বাংলাদেশে পালানোর সময় সেদেশের দুই কুখ্যাত দুষ্কৃতিকে পুলিশ গ্রেফতার করেছে।

৬) আই সি সি টি-টোয়েন্টি ক্রিকেটের ফাইনালে ভারত প্রথমে ব্যাট করতে নেমে বড় রানের ইংনিস গড়ার পথে।

৭) রাজ্যের বেশকিছু জেলায় আজ বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা।

ooooooooooooooooo

রাজ্যের আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ আজ এরাজ্যে আসছেন। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের নেতৃত্বে পূর্ণাঙ্গ বেঞ্চ আজ রাত সওয়া ৮ টা নাগাদ কলকাতা বিমানবন্দরে পৌঁছবেন। বিমানবন্দরে মুখ্য নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশনার সহ পূর্নাঙ্গ বেঞ্চকে স্বাগত জানাবেন, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল ও অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী। আগামীকাল ৯ই মার্চ সকাল ১০ টা থেকে দুপুর ১২ টা পর্যন্ত নির্বাচন কমিশন এরাজ্যের স্বীকৃত রাজনৈতিক দলগুলির সঙ্গে বৈঠকে বসবে। রাজারহাটে আয়োজিত ওই বৈঠকে BJP, BSP, CPI(M), কংগ্রেস, আম আদমি পার্টি ও NPP (ন্যাশানাল পিপিলস পার্টি) সহ জাতীয় স্তরে স্বীকৃত ৬টি এবং তৃণমূল কংগ্রেস ও ফরোয়ার্ড ব্লক সহ রাজ্যস্তরে স্বীকৃত এই দুটি দলের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করবেন বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন।

বাইট

ওই বৈঠকে যোগদানের জন্য ইতিমধ্যে সংশ্লিষ্ট দলগুলিকে আমন্ত্রণ পাঠানো হয়েছে। ঐদিন সকাল ১০ টা থেকে ১২ টা পর্যন্ত প্রতিটি রাজনৈতিক দলের জন্য ১৫ মিনিট করে সময় বরাদ্দ করা হয়েছে। ওইদিন কমিশনের প্রতিনিধিরা আইন বলবৎকারী সংস্থাগুলির নোডাল অফিসরাদের সঙ্গে বৈঠক করবেন। পাশাপাশি নির্বাচনের প্রস্তুতি পর্যালোচনা করতে রাজ্য পুলিশের IG, বিভিন্ন রেঞ্জের DIG, পুলিশ কমিশনার, জেলা নির্বাচনী আধিকারিক ও পুলিশ সুপারদের সঙ্গে আলোচনায় বসবেন।

ooooooooooooooooooo

আগামী মঙ্গলবার ১০'ই মার্চ নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ রাজ্যের মুখ্য সচিব, মুখ্য নির্বাচনী আধিকারিক, রাজ্য পুলিশের ডিজি, SPNO, কেন্দ্রীয় বাহিনীর নোডাল

অফিসার সহ প্রশাসনের বরিষ্ঠ আধিকারিকদের সঙ্গে বৈঠকে মিলিত হবেন। ওইদিনই বুথ লেভেল আধিকারিকদের সঙ্গেও তাঁদের মতবিনিময় করার কথা।

এদিকে, মুখ্য নির্বাচন কমিশনার আসার আগেই আজ দিল্লি থেকে কলকাতায় এসেছেন সিনিয়ার ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে একটি প্রতিনিধি দল'ও। ওই দলে রয়েছেন প্রিন্সিপাল সেক্রেটারি এস বি যোশী, ডিরেক্টর মনোজ সী ও ডেপুটি সেক্রেটারি অভিনব আগরওয়াল।

প্রতিনিধি দলটি রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক এবং অতিরিক্ত নির্বাচনী আধিকারিকদের সঙ্গেও ভোটের প্রস্তুতি নিয়ে বৈঠক করেছেন।

oooooooooooooooooooooo

আসন্ন বিধানসভা নির্বাচনে রাজ্যে মোট ৮০ হাজার ৭১৯টি বুথে ভোটগ্রহণ হতে চলেছে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। বিশেষ নিবিড় সংশোধনী বা এসআইআর প্রক্রিয়া শুরু হওয়ার সময়ে রাজ্যে বুথের সংখ্যা ছিল ৮০ হাজার ৬৮১টি। পরবর্তীতে এর সঙ্গে নতুন করে ৩৮টি বুথ যুক্ত করা হয়েছে। নির্বাচন কমিশন সূত্রে খবর, এই নতুন বুথগুলির বেশিরভাগই বহুত আবাসন বা হাইরাইজ ভবনে তৈরি করা হয়েছে। কমিশন সূত্রে আরও জানা গিয়েছে, হাইরাইজ ভবনে বুথ তৈরির জন্য প্রথমে মোট ৫৭টি জায়গা চিহ্নিত করা হয়েছিল। পরে পর্যালোচনার পর তার মধ্যে ৩৮টি বুথ চূড়ান্ত করা হয়েছে।

এই ৩৮টি নতুন বুথ যুক্ত হওয়ার ফলে রাজ্যে মোট বুথের সংখ্যা ৮০ হাজার ৬৮১ থেকে বেড়ে দাঁড়িয়েছে ৮০ হাজার ৭১৯-এ। আসন্ন বিধানসভা নির্বাচনে এই বুথগুলিতেই ভোটগ্রহণের ব্যবস্থা করা হবে বলে নির্বাচন কমিশন সূত্রে জানানো হয়েছে।

oooooooooooooooooooooo

এরাজ্যে এস আই আর-এর কাজ করতে ওড়িশা এবং ঝাড়খন্ড থেকে যে ২-শো জন বিচারবিভাগীয় আধিকারিক এসেছেন, নির্বাচন কমিশন আজ তাদের ভার্চুয়াল

প্রশিক্ষণ দিয়েছে। বিভিন্ন জেলায় নিযুক্ত কয়েকশো আধিকারিকের সঙ্গে তাঁরা কাজে যোগ দিচ্ছেন। কমিশনের পক্ষ থেকে তাদের বিভিন্ন জেলায় থাকা, খাওয়া সহ অন্যান্য আনুসঙ্গিক ব্যবস্থা করা হয়েছে। আজ তাদের ভার্চুয়াল প্রশিক্ষণ কর্মসূচীতে কলকাতা হাইকোর্টের বিচারপতি অরিজিৎ বন্দ্যোপাধ্যায় এবং হাইকোর্টের রেজিস্ট্রার জেনারেল উপস্থিত ছিলেন।

oooooooooooooooooo

শিলিগুড়িতে আন্তর্জাতিক আদিবাসী ও সাঁওতাল সম্মেলনে রাষ্ট্রপতির প্রোটোকল ভঙ্গকে ঘিরে তৈরি হওয়া বিতর্কের প্রেক্ষিতে মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তী, কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিবের কাছে রিপোর্ট পাঠিয়েছেন। পুরো বিষয়টি নিয়ে বিস্তারিত ব্যাখ্যা সহ একাধিক নথিও কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের কাছে পাঠানো হয়েছে। রিপোর্টে ঘটনাক্রম, প্রশাসনিক পদক্ষেপ এবং সংশ্লিষ্ট সিদ্ধান্তগুলির কারণ ব্যাখ্যা করা হয়েছে বলে জানা গিয়েছে।ওই রিপোর্টে মুখ্যমন্ত্রী কেন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন না, তারও বিস্তারিত ব্যাখ্যা দেওয়া হয়েছে। পাশাপাশি আন্তর্জাতিক আদিবাসী ও সাঁওতাল সম্মেলনের স্থান পরিবর্তন করার সিদ্ধান্ত কেন নেওয়া হয়েছিল, সেই বিষয়েও কেন্দ্রকে জানানো হয়েছে।নবান্ন সূত্রে দাবি করা হয়েছে, পুরো বিষয়টি প্রশাসনিক প্রোটোকল মেনেই করা হয়েছে এবং সেই সম্পর্কিত সমস্ত তথ্য ও নথি কেন্দ্রের কাছে পাঠানো হয়েছে।

oooooooooooooooooo

রাষ্ট্রপতির সফরের সময় প্রোটোকল লঙ্ঘনের জন্য তৃণমূল কংগ্রেস নেতৃত্বাধীন পশ্চিমবঙ্গ সরকারের নিন্দা করেছেন কেন্দ্রীয় আদিবাসী বিষয়কমন্ত্রী জুয়েল ওরাও। আজ নতুন দিল্লিতে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় তিনি এই ঘটনাকে দুর্ভাগ্যজনক বলে বর্ণনা করেন এবং বলেন যে আদিবাসী সম্প্রদায় এতে গভীরভাবে মর্মাহত। রাষ্ট্রপতি দেশের সর্বোচ্চ পদ এবং এর জন্য একটি প্রোটোকল রয়েছে এবং এটি অবশ্যই

অনুসরণ করা উচিত । আসন্ন নির্বাচনে এই ঘটনার জন্য আদিবাসী সম্প্রদায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে উপযুক্ত জবাব দেবে বলেও মন্ত্রী দাবি করেন।

ooooooooooooo

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর পদের অবমাননা করে তৃণমূল কংগ্রেস কার্যত সমগ্র আদিবাসী সমাজকে অপমানিত করেছে বলে বিজেপি অভিযোগ করেছে। আজ কলকাতায় এক সাংবাদিক বৈঠকে দলের সংসদ খগেন মুর্মু বলেন, সাঁওতাল দিবসের অনুষ্ঠানে যোগ দিতে রাষ্ট্রপতি, এ রাজ্যে এসেছিলেন। তিনি শুধু আদিবাসী সমাজের প্রতিনিধি নন, সর্বজন শ্রদ্ধেয়। বিজেপি সারা দেশে আদিবাসীদের জল,জমি, জঙ্গল রক্ষার জন্য কাজ করলেও পশ্চিমবঙ্গে তৃণমূল কংগ্রেস সরকার তাদের বঞ্চিত করছে।

oooooooooooooooo

রাষ্ট্রপতির অভ্যর্থনায় কোন প্রটোকল বিঘ্নিত হয়নি বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন। গতরাতে এক্স হ্যান্ডলে পোস্ট করে তিনি জানান, রাষ্ট্রপতির কর্মসূচির আয়োজক ‘আন্তর্জাতিক সাঁওতাল কাউন্সিল’ একটি বেসকরকারি সংস্থা। তাঁর কর্মসূচির বিষয়েও রাষ্ট্রপতির সচিবালয়ের সঙ্গে জেলা প্রশাসন সমন্বয় রক্ষা করেছিল। পর্যাপ্ত প্রস্তুতি নেই বলে রাষ্ট্রপতির সচিবালয়কে জানানো হলেও কর্মসূচি অপরিবর্তিত রাখা হয়। শনিবার শিলিগুড়ির মেয়র, দার্জিলিংয়ের জেলাশাসক সকলেই রাষ্ট্রপতিকে অভ্যর্থনা জানাতে হাজির ছিলেন।

oooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আবারও রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু -র পশ্চিমবঙ্গ সফরকে কেন্দ্র করে প্রোটোকল ভঙ্গের অভিযোগ তুলে রাজ্যের তৃণমূল কংগ্রেস সরকারের কড়া সমালোচনা করেছেন।

দিল্লীতে আজ একগুচ্ছ উন্নয়ন প্রকল্পের সূচনা ও শিলান্যাস অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, রাষ্ট্রপতি মুর্মু পশ্চিমবঙ্গে গিয়েছিলেন আদিবাসী সম্প্রদায়ের একটি গুরুত্বপূর্ণ উৎসবে যোগ দিতে। কিন্তু রাষ্ট্রপতিকে যথাযথ সম্মান জানানোর বদলে তৃণমূল কংগ্রেস ওই অনুষ্ঠান বয়কট করেছে। এই ঘটনা শুধু রাষ্ট্রপতির প্রতি অসম্মান নয়, এটি দেশের সংবিধান এবং গণতন্ত্রের মহান ঐতিহ্যের প্রতিও অপমান বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেন।

oooooooooooooooooooooooo

আজ আন্তর্জাতিক নারী দিবস। এ বছর এই দিবসের মূল ভাবনা হোল "সব মহিলা ও শিশুকন্যাদের জন্য অধিকার, ন্যায়বিচার এবং যথাযথ ব্যাবস্থাগ্রহন"।

জাতি, ভাষা, সংস্কৃতি, অর্থনীতি এবং রাজনীতির সীমানা পেরিয়ে নারীদের সাফল্যের স্বীকৃতি দিতে এই দিবস উদযাপন করা হয়। ১৯৭৭ সাল থেকে রাষ্ট্রসংঘ লিঙ্গ সমতার লক্ষ্যে এই দিনটি পালন করে আসছে।

ooooooooooooooo

আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে আজ এ রাজ্য সহ সারা দেশে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। নতুন দিল্লিতে এক অনুষ্ঠানে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন যে নারীদের সমান সুযোগ এবং সহায়তা দেওয়া হলে, তারা প্রতিটি ক্ষেত্রেই শ্রেষ্ঠত্ব অর্জন করতে পারে। ভাষনে রাষ্ট্রপতি বলেন যে, উদ্যোক্তা হোক বা কর্পোরেট জগত, সকল ক্ষেত্রেই নারীরা নেতৃত্ব দিচ্ছেন। ভারত দ্রুত নারী নেতৃত্বাধীন উন্নয়নের দিকে এগিয়ে যাচ্ছে এবং কর্মক্ষেত্রে নারীর অংশগ্রহণ বৃদ্ধি পেয়েছে।

উপ-রাষ্ট্রপতি সি.পি. রাধাকৃষ্ণন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে মহিলাদের শুভেচ্ছা জানিয়েছেন।

আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমের এক বার্তায়, রাজ্য সরকারের কন্যাশ্রী, রূপশ্রী, আনন্দধারা সহ বিভিন্ন প্রকল্পের উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেছেন, বাংলার প্রতি টি মেয়ে বাংলায় গর্ব, সমাজের প্রতি স্তরে তাদের অবদান অবিস্মরণীয়।

তৃণমূল কংগ্রেস আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে সুবোধ মল্লিক স্কোয়ার থেকে মেট্রো চ্যানেলের ধরনা মঞ্চ পর্যন্ত একটি মিছিল করে। মিছিলে উপস্থিত ছিলেন রাজ্যের মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য, শশী পাঁজা সহ দলের অন্যান্য মহিলা কর্মী সমর্থকেরা। রান্নার গ্যাসের মূল্যবৃদ্ধির প্রতিবাদে কালো পোশাক পরে এ দিন মিছিলে হাঁটেন মহিলারা।

আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে আজ মধ্য কলকাতা জেলা মহিলা কংগ্রেস ও আই এন ইউ সি সেবা দল যৌথভাবে আন্তর্জাতিক নারী দিবস উদযাপন করে । মধ্য কলকাতার বউবাজার সংলগ্ন লেডি ডা ফরিন ভিক্টোরিয়া হাসপাতালের সামনে আজ কংগ্রেসের ওই দুই সংগঠনের পক্ষ থেকে আয়োজিত অনুষ্ঠানে অংশ নেন মহিলা কংগ্রেস নেত্রী বিদ্যা দত্ত ও INTUC সেবা দলের রাজ্য সভাপতি প্রমোদ পান্ডে সহ মহিলা কংগ্রেস কর্মী সমর্থকরা ও আই এন টি ইউ সি সেবা দলের কর্মী সমর্থকরা। রান্নার গ্যাসের ব্যাপক মূল্য বৃদ্ধির প্রতিবাদে মহিলা কংগ্রেসের পক্ষ থেকে আজ সেখানে গ্যাস সিলিন্ডার নিয়ে প্রতি কী রান্না করে প্রতিবাদ কর্মসূচি পালন করা হয়।

oooooooooooooooooooooo

রাজ্যে আজ বিজেপির পরিবর্তন যাত্রা কর্মসূচীতে ৯টি সভার আয়োজন করা হয়। পুরুলিয়ার বলরামপুর বিধানসভা কেন্দ্র থেকে রবিবার বিজেপির পরিবর্তন যাত্রা রথ বার হয়।পরে বান্দোয়ান বিধানসভা কেন্দ্রের বরাবাজার,সিন্দ্রি অতিক্রম করে দুপুর নাগাদ মানবাজারে এসে পৌঁছায়। মানবাজার ব্যাঙ্ক মোড়ে অবস্থিত স্বাধীনতা সংগ্রামী গোবিন্দ মাহাতো ও চুনারাম মাহাতোর মূর্তির পাদদেশে মাল্যদান করে শ্রদ্ধা জ্ঞাপন করেন বিজেপি নেতৃবৃন্দ।এদিন প্রশাসনকে জানানো সত্বেও স্বাধীনতা সংগ্রামীদের মূর্তির

সামনের গেট খোলা না থাকায় ক্ষোভ  প্রকাশ করেন পুরুলিয়ার সাংসদ জ্যোতির্ময় সিং মাহাতো।এরপর পুঞ্চা বাজার হয়ে বিজেপির পরিবর্তন যাত্রা রথ গিয়ে পৌঁছায় হুড়া থানার শিলাই ময়দানে। সেখানে জনসভা করা হয়।

এই উপলক্ষ্যে শিলিগুড়িতে বাইক মিছিলের আয়োজন করল বিজেপি যুব মোর্চা শিলিগুড়ির মাল্লাগুড়ি এলাকায় অবস্থিত বিজেপির প্রধান কার্যালয় থেকে বাইক মিছিলটি শুরু হয়।মিছিলটি শহরের গুরুত্বপূর্ণ রাস্তা পরিক্রমা করে মহাত্মা গান্ধী চক,সফদর হাসমি , থানা মোড় ও বিধান রোড সহ শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ এলাকা অতিক্রম করে।পরে মিছিলটি বাঘাযতীন পার্ক এলাকা হয়ে শিলিগুড়ির সুভাষপল্লীতে গিয়ে শেষ

বর্ধমানের কাটোয়া থেকে পরিবর্তন যাত্রা  পূর্বস্থলীর কালেখাঁতলা হয়ে কালনায় প্রবেশ করে। কালেখাঁ তলা বাজারে সভা অনুষ্ঠিত  হয়। সভায় বিজেপির প্রাক্তন রাজ্য সভাপতি  সুকান্ত মজুমদার বলেন, এই পরিবর্তন মানে শুধু দল বা মুখ্যমন্ত্রীর পরিবর্তন  নয়। তৃনমুলের নেতারা বালি, কয়লা, মাটিলুট করছে এমনকি মেয়েদের  সম্নানও লুট করছে। তাই এমন পরিবর্তন দরকার যে পরিবর্তন মানুষের মধ্যে প্রকৃত পরিবর্তন আনবে। মহিলারা সুরক্ষিত থাকবে।

০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী মনসুখ মান্ডভিয়া দেশের যুবসমাজকে বিকশিত ভারত নির্মাণে নেতৃত্ব দেওয়ার জন্য আহ্বান জানিয়েছেন।

কলকাতায় আজ রাজ্যস্তরের ‘মাই ভারত যুব স্বেচ্ছাসেবক সম্মেলন’-এ যোগ দিয়ে তিনি বলেন, দেশের ১৪০ কোটি মানুষ বিকশিত ভারত নির্মাণ করবে। বিকশিত ভারত বানাতে দেশে এক লক্ষ ইয়ং লিডার বা যুব নেতা গড়ে তোলা হবে। তবে সেই যুব নেতা কোনও  রাজনৈতিক পরিবার থেকে নয় বরং দেশের প্রান্তিক এলাকার সাধারণ পরিবার থেকে উঠে আসবে।

তিনি জানান, এই ইয়ং লিডারদের গড়ে তোলার জন্য প্রধানমন্ত্রী মাই ভারত প্লাটফর্ম গঠন করেন। যেখানে দুই কোটির বেশি যুবরা নাম নথিভুক্ত করেছে এবং তারা বিভিন্ন ক্ষেত্রে কাজে যুক্ত রয়েছে।

অনুষ্ঠানে কেন্দ্রীয় মন্ত্রী ভূপেন্দ্র যাদব বলেন, ভারতের ইতিহাস গঠনে পশ্চিমবঙ্গের যুবসমাজ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। ঋষি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় দেশকে বন্দেমাতরম গানটি উপহার দিয়েছেন,যা শুধুমাত্র একটি গান নয়, অনুপ্রেরণা। এর পাশাপাশি তিনি স্বামী বিবেকানন্দ এবং সুভাষচন্দ্র বসুর অবদানের কথাও তুলে ধরেন।

মাই ভারতের সিইও প্রিয়াঙ্কা শুক্লা এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। রাজ্যের বিভিন্ন জেলা থেকে প্রায় সাড়ে ৮শো যুবক যুবতী এতে অংশগ্রহণ করে।

oooooooooooooooooo

উত্তর ২৪ পরগণার বনগাঁ সীমান্ত দিয়ে বাংলাদেশের পালানোর সময় সে দেশের ২ দুষ্কৃতিকে গ্রেপ্তার করেছে রাজ্য পুলিশের এস টি এফ। নির্দিষ্ট খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে বাংলাদেশের পটুয়াখালীর বাসিন্দা রাহুল ওরফে ফয়সাল করিম মাসুদ এবং ঢাকার আলমগীর হোসেন কে গতকাল গ্রেপ্তার করে। ধৃতরা বাংলাদেশের ঢাকায় ওসমান হাদীকে খুন করে মেঘালয় সীমান্ত দিয়ে ভারতে পালিয়ে এসেছিল বলে জানা গেছে। আদালতে পেশ করে তদন্তের স্বার্থে এদের পুলিশি হেফাজতের নেওয়া হয়েছে।

ooooooooooooooooo

আমেদাবাদে আই সি সি টি-টোয়েন্টি বিশ্বকাপ ক্রিকেটের ফাইনালে ভারত ও নিউজিল্যান্ড মুখোমুখি হয়েছে। টসে জিতে নিউজিল্যান্ড ভারতকে প্রথমে ব্যাট করতে পাঠিয়েছে। শেষ খবর পাওয়া পর্যন্ত ভারত ১২ ওভারে ১ উইকেটে ১৬১ রান করেছে।

oooooooooooooooooooo

দক্ষিণবঙ্গ ও সংলগ্ন ওড়িশার ওপর অবস্থিত ঘুনাবর্ত এবং বিহার থেকে ছত্রিশগড় পর্যন্ত বিস্তৃত নিম্নচাপ অক্ষরেখা ও বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় আজ রাজ্যের বেশ কিছু জেলার বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। ঝাড়গ্রাম পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, কলকাতা উত্তর ও দক্ষিণ চব্বিশ পরগনা বীরভূম এবং মুর্শিদাবাদ জেলায় আজ বৃষ্টির সম্ভাবনা রয়েছে কোথাও কোথাও বজ্রবিদ্যুৎসহ বৃষ্টি ও হতে পারে। আগামী দুদিন বাড়তে পারে বৃষ্টির পরিমাণ। এদিকে উত্তরবঙ্গের দার্জিলিং কালিম্পং জলপাইগুড়ি উত্তর দিনাজপুর জেলাতেও আজ বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। উত্তরবঙ্গে তাপমাত্রার বিশেষ পরিবর্তন না হলেও দক্ষিণবঙ্গে বুধবারের পর থেকে তাপমাত্রা কিছুটা বাড়বে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ অন্বেষা ভট্টাচার্য জানিয়েছেন।

oooooooooooooooooooo